



## নর্থ সাউথ ভার্সিটিতে বিশেষ পাবলিক লেকচার

প্রকাশিত: ১০ - মার্চ, ২০১৯ ১২:০০ এ. এম.

বাংলাদেশের প্রথম বেসরকারী বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ইউনিভার্সিটি ৯ মার্চ বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে বেলা সাড়ে ১০টায় ‘উন্নয়নশীল দেশগুলোতে জনস্বাস্থ্যের চ্যালেঞ্জ এবং সুযোগ’ শীর্ষক বিশেষ পাবলিক লেকচার আয়োজন করে। বিশ্বখ্যাত নোবেল বিজয়ী স্যার রিচার্ড জে রবার্টসের শিক্ষা ও গবেষণাকে দেশব্যাপী ছড়িয়ে দেয়ার লক্ষ্যে শিক্ষক-শিক্ষার্থী ও গবেষকদের উৎসাহ প্রদান করাই ছিল এ আয়োজনের মূল উদ্দেশ্য।

উপ-উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক গিয়াস উদ্দিন আহসানের তথ্য উপাত্ত ও বিশ্লেষণধর্মী উপস্থাপনা দিয়ে পাবলিক লেকচারটি শুরু হয়। তিনি বলেন, দূষণ ও অপরিষ্কৃত নগরায়ন আমাদের ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে। তিনি স্বাস্থ্য খাতে নানা সমস্যা, সমাধানের উপায় এবং নানা সম্ভাবনা নিয়ে আলোচনা করেন।

নোবেল বিজয়ী স্যার রিচার্ড জে রবার্টস বলেন, সারা পৃথিবীতে ফসল জিএমও গবেষণায় বাংলাদেশ প্রথম সাফল্য অর্জন করেছে। বাংলাদেশের বিজ্ঞানীরা ইতোমধ্যেই সোনালী চালের জিএমও তৈরি করতে শুরু করেছেন এবং নতুন জিএমও উদ্ভাবনের আশা প্রকাশ করেছেন। প্রফেসর রিতা আর কলওয়েল বলেন, আজকাল পাবলিক হেলথে গবেষণামূলকভাবে উল্লেখযোগ্য গবেষণা করা যেতে পারে এবং নর্থ সাউথ ইউনিভার্সিটি পাবলিক হেলথে গবেষণায় দেশের প্রথম বিশ্ববিদ্যালয় হিসেবে ভূমিকা রাখছে। নর্থ সাউথ ইউনিভার্সিটির আন্তর্জাতিক উপদেষ্টা পরিষদের সদস্য ইউনিভার্সিটি অব ম্যারিল্যান্ডের অধ্যাপক আনোয়ার হক, কর্নেল ইউনিভার্সিটির অধ্যাপক শীলে ফিল্ডম্যান, ইউনিভার্সিটি অব ডেনভারের অধ্যাপক হায়দার এ খান, ইউনিভার্সিটি অব ইলিনয়ের অধ্যাপক তাহের সাইফ এবং ইউনিভার্সিটি অব ম্যাসাচুসেট্‌স্‌ ডার্টমাউথের অধ্যাপক মোহাম্মদ আতাউল কান তাদের নিজ নিজ ক্ষেত্রে বক্তৃতা প্রদান করেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও বিপুলসংখ্যক ছাত্রছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com